

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd



স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৯৯.০০১.১৭.৬০

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৭
২৯ জুন ২০২০

বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়নের ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২০) প্রতিবেদন প্রেরণ।
সূত্র: সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০২০ এর কর্মসম্পাদন সূচক ২.৪.২

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সুরক্ষা সেবা বিভাগের গঠিত সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক গত ৩১ মার্চ ২০২০ তারিখে এ বিভাগের ১০টি সেবার কার্যক্রম দৈবচয়ন পদ্ধতিতে পরিবীক্ষণ করা হয়। পরিবীক্ষণ প্রতিবেদনটি মহোদয়ের সদয় অবগতির জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

২৯-৬-২০২০

মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন
উপসচিব

মন্ত্রিপরিষদ সচিব মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৯৯.০০১.১৭.৬০/১(৪)

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৭
২৯ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) যুগ্মসচিব (অগ্নি অনুবিভাগ) ও এপিএ টিম লিডার, সুরক্ষা সেবা বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ
- ৩) প্রোগ্রামার (আইসিটি সেল) ও সদস্য, এপিএ টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ

২৯-৬-২০২০

মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন
উপসচিব

সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়নের ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২০) প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সুরক্ষা সেবা বিভাগের গঠিত সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক গত ৩১ মার্চ ২০২০ তারিখে এ বিভাগের ১০টি সেবার কার্যক্রম দৈবচয়ন পদ্ধতিতে পরিবীক্ষণ করা হয় যা নিম্নরূপ:

নাগরিক সেবা:

ক্রমিক নং	সেবার নাম	মতামত
১	দ্বৈত নাগরিকত্ব সনদপত্র প্রদান	৪৮৩টি সনদপত্র প্রদান করা হয়েছে।
২	বৈবাহিক সূত্রে বিদেশীদের বাংলাদেশী নাগরিকত্ব সনদপত্র প্রদান	প্রাপ্ত ০৯টি আবেদনের যাচাই-বাছাই সম্পন্ন হয়েছে। কোভিড-১৯ উদ্ভূত পরিস্থিতিতে আন্তঃমন্ত্রণালয় সভা (পরবর্তী পদক্ষেপ) অনুষ্ঠিত হয়নি।
৩	পাসপোর্ট বাহনের অনুমতি	২৬টি (ভারত, সিঙ্গাপুর, শ্রীলঙ্কা, নিউজিল্যান্ড দেশসমূহে) অনুমতি প্রদান করা হয়েছে।

দাপ্তরিক সেবা:

ক্রমিক নং	সেবার নাম	মতামত
১	পদ সৃজন	৬৬টি মিশনে ২৭৮টি পদ সৃজনের কাজ চলমান আছে।
২	চাকরি স্থায়ীকরণ	কোন আবেদন না পাওয়া যাওয়ায়, কোন কার্যক্রমও গৃহীত হয়নি।
৩	ব্যয় মঞ্জুরি অনুমোদন	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে ৩৪টি ডাবল কেবিন গাড়ী ক্রয়ের নিমিত্ত ১৫,৪১,৯০,০০০/= (পনের কোটি একচল্লিশ লাখ নব্বই হাজার) টাকার ব্যয় মঞ্জুরির অনুমোদন প্রদান করা হয়েছে।

অভ্যন্তরীণ সেবা:

ক্রমিক নং	সেবার নাম	মতামত
১	বহিঃ বাংলাদেশ (অর্জিত ছুটি)	সুরক্ষা সেবা বিভাগের ০৪ জন এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ০১ জন কর্মকর্তাকে বহিঃ বাংলাদেশ (অর্জিত ছুটি) ভ্রমণের অনুমতি প্রদান করা হয়েছে।
২	অবসর-উত্তর ছুটি (ছুটি নগদায়নসহ)	সুরক্ষা সেবা বিভাগের ০১ জন কর্মচারীকে অবসর-উত্তর ছুটি (ছুটি নগদায়নসহ) প্রদান করা হয়েছে।
৩	আবাসিক ও দাপ্তরিক টেলিফোন সংযোগ ব্যবস্থা	সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার – কে ফেব্রুয়ারি ২০২০ মাসে আবাসিক টেলিফোন সংযোগ প্রদান করা হয়েছে।
৪	সুরক্ষা সেবা বিভাগের উর্দ্ধতন কর্মকর্তাগণের পত্রিকা ও ম্যাগাজিন সরবরাহ	সচিব মহোদয়ের দপ্তর, সকল অনুবিভাগ প্রধান, যুগ্মসচিব (উন্নয়ন, বহিরাগমন-২, বহিরাগমন-১) ও লাইব্রেরিতে সমকাল, ডেইলি স্টার, কালের কণ্ঠ, রিডার ডাইজেস্ট, ইকোনোমিস্ট, বাংলাদেশ প্রতিদিন, প্রথম আলো, মানব কণ্ঠ, টাইম, জনকণ্ঠ, যুগান্তর, ইণ্ডেফাক পত্রিকা সরবরাহ করা হচ্ছে।

সেবা প্রদান প্রতিশ্রুতির হালনাগাদকরণের কাজ এ বিভাগের প্রশাসন-১ শাখা কর্তৃক চলমান আছে। উল্লিখিত সেবা প্রদান প্রতিশ্রুতির বাস্তবায়ন কার্যক্রম সঠিকভাবে চলমান আছে বলে প্রতীয়মান হয়।